

B.A. 5th Semester (Honours) Examination, 2022 (CBCS)

বিষয় : বাংলা (সাম্মানিক)

Course : CC-XI

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'কঙ্কাল' গল্পে নায়িকার নাম কী ছিল? গল্পটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
- (খ) 'পোস্টমাস্টার' গল্পের কাহিনির গ্রামের নাম কী? রতনের বয়স কত?
- (গ) 'একরাত্রি' গল্পের নায়ক কোন রাজনৈতিক নেতার আদর্শে নিজের জীবন গড়ে তুলতে চেয়েছিল?
- (ঘ) 'দ্বীর পত্র' কোন পত্রিকায় কোন সংখ্যায় প্রকাশিত হয়?
- (ঙ) 'মেঘ ও রৌদ্র' গল্পের নায়িকার নাম কী?
- (চ) 'ল্যাবরেটরি' গল্পটি কোন গল্প-সংকলনের অন্তর্ভুক্ত? এটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
- (ছ) 'অতিথি' গল্পটি কোন পত্রিকায় কবে প্রকাশিত হয়?
- (জ) 'রস' গল্পের দুজন নারীচরিত্রের নাম উল্লেখ করো।
- (ঝ) 'পুঁইমাচা' প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়? মূল গল্পগ্রন্থটির নাম কী?
- (ঞ) 'প্রাগৈতিহাসিক' গল্পে ভিখুর প্রতিদ্বন্দ্বী ভিখারি চরিত্রটির সম্পর্কে একটি বাক্যে পরিচয় দাও।
- (ট) 'টোপ' গল্পে কাকে টোপ বানানো হয়েছিল?
- (ঠ) 'জলসাঘর' গল্পের বিশ্বম্ভরবাবুর চাকরের পরিচয় দাও।
- (ড) 'ফসিল' গল্প কোন পত্রিকায় প্রকাশিত হয়? গল্পের স্থাননাম কী?
- (ঢ) 'আদাব' গল্পের প্রধান দুই চরিত্রের নাম-পরিচয় উল্লেখ করো।
- (ণ) 'সাঁঝ সকালের মা' গল্পটি মহাশ্বেতা দেবীর কোন গল্প সংকলনে আছে? ঐ গল্প সংকলনটির প্রকাশকাল লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'অতিথি' গল্পটির নামকরণের তাৎপর্য বিচার করো।
- (খ) 'ল্যাবরেটরি' গল্পে ইউরোপীয় সায়াম একটি গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে—মন্তব্যটির পক্ষে যুক্তি দাও।
- (গ) 'নিশীথে' গল্পটি অতিপ্রাকৃত গল্প কি না, সে বিষয়ে তোমার যুক্তি উপস্থাপন করো।

- (ঘ) 'ফসিল' একটি প্রখর শ্রেণিচেতনার গল্প—এই বক্তব্যের সঙ্গে তুমি একমত কি না যুক্তিসহ লেখো।
- (ঙ) 'জলসাঘর' গল্পে ক্ষয়িষ্ণু সামন্ততন্ত্রের ট্রাজিক পরিণাম গল্পকার বড়ো সক্রম দৃষ্টিতে এঁকেছেন—আলোচনা করো।
- (চ) 'ভেবেছিলাম' ছোটগল্প হিসেবে অভিনব—বক্তব্যটির সঙ্গে তুমি কি একমত—যুক্তিসহ লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) সেকালের পুরুষশাসিত সমাজব্যবস্থা ও পরিবারতন্ত্রের বিরুদ্ধে 'স্ত্রীর পত্র' ছিল এক জ্বলন্ত প্রতিবাদের আখ্যান—আলোচনা করো।
- (খ) প্রকৃতি ও মানুষের নিগূঢ় ও আত্মিক সহাবস্থান রবীন্দ্রনাথের একজাতীয় গল্পের প্রধান উপজীব্য বিষয়—পাঠ্য কয়েকটি গল্প অবলম্বনে বক্তব্যটির সপক্ষে যুক্তি উপস্থাপন করো।
- (গ) 'আদাব' গল্পটি জাতি-ধর্মের ভেদাভেদের উর্ধ্ব চিরন্তন মানবতার জয়গান—মন্তব্যটির সপক্ষে যুক্তিসহ আলোচনা করো।
- (ঘ) 'প্রাগৈতিহাসিক' গল্পে ফুটে ওঠা ভিখু ও পাঁচার জীবনসংগ্রামের ছবি সমকালীন বাংলা সাহিত্যের প্রেক্ষিতে সত্যিই ছিল অভিনব—আলোচনা করো।